**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 16–06–2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন চিকিৎসা পরিষেবা স্বাভাবিক রাখার জন্য ব্লাড ব্যাংকগুলিতে রক্তের যোগান স্বাভাবিক রাখা প্রয়োজন।**

**(২) রাজ্যে মানুষ নিখোঁজের বিষয়ে আতঙ্কিত হয়ে গুজব না রটাতে আবেদন জানিয়েছে আরক্ষা দপ্তর ।**

**(৩) কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ নতুনদিল্লীতে এক উচ্চ পর্যায়ের বৈঠকে জম্মু ও কাশ্মীরের নিরাপত্তা ব্যবস্থা এবং অমরনাথ যাত্রার প্রস্তুতি পর্যালোচনা করেন।**

**(৪) রাজ্যভিত্তিক সিনিয়র ক্রিকেট প্রতিযোগিতার প্লেট গ্রুপের খেলা আজ থেকে শুরু হয়েছে।**

*********************************************

**CM Blood Donation:**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন চিকিৎসা পরিষেবা স্বাভাবিক রাখার জন্য ব্লাড ব্যাংকগুলিতে রক্তের যোগান স্বাভাবিক রাখা প্রয়োজন। তা নাহলে পরিষেবা দিতে গিয়ে চিকিৎসকদের অনেক সমস্যার সন্মুখীন হতে হয়। বিপাকে পরেন রোগী ও তাদের পরিজনরা। তাই স্বেচ্ছা রক্তদানের কোন বিকল্প হতে পারে না। আজ টাউন বড়দোয়ালী বিজেপি মন্ডলের উদ্যোগে আপনজন ক্লাব প্রাঙ্গনে আয়োজিত স্বেচ্ছা রক্তদান শিবিরের উদ্বোধন করে একথা বলেন মুখ্যমন্ত্রী। তিনি বলেন, রক্তদান সম্পর্কে অনেকের মধ্যে যে একটা ভয় কাজ করে তা কাটিয়ে উঠা সম্ভব হয়েছে। এদিনের শিবিরে উপস্থিত ছিলেন প্রদেশ বিজেপি সভাপতি রাজীব

ভট্টাচার্যী, আগরতলার মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার সহ স্থানীয় বিজেপি নেতৃত্ব। এদিকে ত্রিপুরা সিভিল সার্ভিস এসোসিয়েশনের উদ্যোগে এসোসিয়েশনের হল ঘরে আজ এক মেগা রক্তদান শিবিরের আয়োজন করা হয়। শিবিরের উদ্বোধন করেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা।

*******************

**Statement of Tripura Police:**

পুলিশ সদর দপ্তর আজ এক বিবৃতিতে জানিয়েছে, সামাজিক মাধ্যমে রাজ্যে বিভিন্ন এলাকা থেকে বেশকিছু মানুষ নিখোঁজ হয়ে যাওয়ার গুজব রটানো হচ্ছে। বিবৃতিতে আরও বলা হয়েছে, কিছু মানুষের নিখোঁজের অভিযোগ পাওয়া গেলেও এর বেশিরভাগ উদ্ধার করা হয়েছে। বাকিদের খোঁজ চলছে। এই বিষয়ে আতঙ্কিত হয়ে গুজব না রটাতে আবেদন জানিয়েছে পুলিশ সদর দপ্তর।

*******************

**Governor:**

রাজ্যের স্বাস্থ্য পরিষেবায় উন্নতি ঘটছে। নতুন নতুন আধুনিক পরিষেবা যুক্ত হচ্ছে। আজ আগরতলায় দ্য ইন্ডিয়ান অ্যাসোসিয়েশন অফ ফিজিওথেরাপিস্ট রাজ্য শাখার উদ্যোগে আয়োজিত দু'দিনব্যাপী নর্থইস্ট ফিজিওথেরাপিস্ট সম্মেলনের সমাপ্তি অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে রাজ্যপাল ইন্দ্র সেনা রেড্ডি নাল্লু একথা বলেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন স্বাস্থ্য সচিব কিরন গিত্তে, ইন্ডিয়ান অ্যাসোসিয়েশন অফ ফিজিওথেরাপিস্ট সর্বভারতীয় সভাপতি ড,: সঞ্জীব ঝা সহ অন্যান্যরা। অনুষ্ঠানে পাঁচজনকে সংবর্ধিত করা হয়।

*******************

**Ratanlal Nath:**

রাজ্যের ভোক্তাদের নিরবচ্ছিন্ন বিদ্যুৎ পরিষেবা প্রদানে বিদ্যুৎ দপ্তর দায়বদ্ধভাবে কাজ করছে। এক সাংবাদিক সম্মেলনে বিদ্যুৎ মন্ত্রী রতন লাল

নাথ একথা বলেন। বিদ্যুৎ মন্ত্রী আরো বলেন রাজ্যের মধ্যে সবচেয়ে বেশি বিদ্যুৎ ব্যবহার হয়ে থাকে আগরতলা শহর এলাকায়। আগরতলা ১ নম্বর সার্কেলের বিদ্যুৎ গ্রাহকদের বিদ্যুৎ সংক্রান্ত বিভিন্ন সমস্যা দ্রুত সমাধানের লক্ষে নতুন একটি কল নাম্বার আজ থেকে চালু করা হয়েছে। এই নম্বরটি হল ৬০৩৩১৩২০৮২। ১৯১২ নম্বরের পাশাপাশি এই নম্বরের মাধ্যমেও গ্রাহকরা ২৪ ঘণ্টা পরিষেবা পাবেন। আগরতলার ১ নম্বর সার্কেলের অন্তর্গত বনমালীপুর, বড়দোয়ালী, আইজিএম, যোগেন্দ্রনগর, প্রতাপগড় আমতলী, সেকেরকোট জিবি, ক্যাপিটাল কমপ্লেক্স এবং দুর্জয়নগর বিদ্যুৎ ডিভিশনের গ্রাহকরা এর সুবিধা পাবেন।

*******************

**CITU:**

রাজ্যের অঙ্গনওয়াড়ি কর্মী এবং সহায়িকাদের অবসরের পর গ্র্যাচুয়িটি প্রদানের দাবী জানিয়েছে সি, আই, টি, ইউ । সংগঠনের রাজ্য সম্পাদক শংকর প্রসাদ দত্ত আজ আগরতলায় সাংবাদিকদের বলেন, বেশ কয়েকটি রাজ্যে তাদের গ্র্যাচুয়িটি প্রদানের সিদ্ধান্ত কার্যকর করা হয়েছে। রাজ্যে অঙ্গনওয়াড়ি কর্মীরা সবদিক থেকে বঞ্চিত হচ্ছেন বলে তিনি অভিযোগ করেন। অনুষ্ঠানে সি আই টি ইউ নেত্রী জয়া বর্মন বলেন অঙ্গনওয়াড়ি কর্মীদের অবসরের পর গ্র্যাচুয়িটি প্রদান, ছাঁটাই কর্মীদের পুনর্বহাল, অবসরের বয়সসীমা ৬৫ বছর সহ চার দফা দাবিতে সমাজ শিক্ষা ও সমাজ কল্যাণ দপ্তরে সংগঠনের পক্ষ থেকে ডেপুটেশন দেয়া হয়েছে।

*******************

**Janajati Morcha:**

লোকসভা নির্বাচনের ফলাফল নিয়ে আজ পর্যালোচনা বৈঠক করেছে ভারতীয় জনতা জনজাতি মোর্চার রাজ্য কমিটি। আগরতলায় নতুন বিধায়ক হোস্টেলের কনফারেন্স হলে এই পর্যালোচনা সভা হয়। উপস্থিত ছিলেন জনজাতি মোর্চার নেতা প্রাক্তন উপমুখ্যমন্ত্রী জিষ্ণু দেববর্মা, উপজাতি কল্যাণমন্ত্রী বিকাশ দেববর্মা সহ অন্যরা।

*******************

**Idd ul Azahar:**

বিশ্বের বিভিন্ন অংশে আজ মুসলিম ধর্মাবলম্বীরা ঈদ-উল-আজহার পালন করেন। একে আত্মত্যাগের উৎসবও বলা হয়। দিনটি নামাজ আদায়ের মাধ্যমে শুরু হয়।

*******************

**Idd ul Azahar-2:**

এদিকে, রাজ্যে আগামীকাল পালিত হবে ইদ উল আজহা বা বকরি ইদ । যা কুরবানী ইদ নামে বিশেষ পরিচিত। রাজ্যেও চিরাচরিত উৎসাহ উদ্দীপনার মধ্যে দিয়ে এই উৎসব পালনের আয়োজন চলছে। আগরতলার টাউন জামে মসজিদের ইমাম, আবদুর রহমান জানান, আগামীকাল সকাল ৮টায় আগরতলার গেঁদুমিয়া মসজিদে ইদের নামাজ আদায় করা হবে। ইমাম আবদুর রহমান নামাজ পরিচালনা করবেন।

*******************

**Narendra- Hasina-:**

বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ইদের শুভেচ্ছা জানিয়েছেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। পবিত্র ইদ উপলক্ষে শ্রী মোদী শুভেচ্ছা জানিয়ে বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে লেখা এক চিঠিতে বলেন, এই উৎসব ত্যাগ, সহানুভূতি ও ভ্রাতৃত্বের মূল্যবোধের কথা স্মরণ করিয়ে দেয়। যা একটি শান্তিপূর্ণ বিশ্ব গঠনে অপরিহার্য।

*******************

**Idd ul Azahar-Governor:**

ঈদ-উল-জোহা উপলক্ষে রাজ্যপাল ইন্দুসেনা রেড্ডি নান্নু রাজ্যবাসীকে আন্তরিক শুভেচ্ছা জানিয়েছেন। শুভেচ্ছা বার্তায় রাজ্যপাল এই উৎসবের একটি অন্যতম রীতি হল কুরবানি অর্থাৎ বলিদান। শুভেচ্ছা বার্তায়

রাজ্যপাল আশা প্রকাশ করেন এই উৎসব রাজ্যের জনগণের জন্য আনন্দ, ভালবাসা, সুখ, শান্তি, সমৃদ্ধি এবং ভ্রাতৃত্ববোধ বয়ে নিয়ে আসবে।

*******************

**Idd ul Azahar- CM:**

ঈদ-উল-জোহা উপলক্ষে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা. মানিক সাহা মুসলিম সম্প্রদায়ের জনগণসহ রাজ্যবাসীকে আন্তরিক শুভেচ্ছা জানিয়েছেন। শুভেচ্ছা বার্তায় মুখ্যমন্ত্রী বলেন, 'ইদ-উল-জোহা হচ্ছে ত্যাগ, তিতিক্ষা ও আত্মশুদ্ধির উৎসব। শুভেচ্ছা বার্তায় মুখ্যমন্ত্রী রাজ্যের জনগণের সুস্থতা ও সুন্দর জীবন কামনা করেন।

*******************

**Neermahal:**

কচুরিপানা পরিষ্কার করায় এখন রুদ্রসাগরে নৌকা চলাচল স্বাভাবিক হয়েছে। পর্যটকরা পুনরায় নীরমহল পরিদর্শন করতে পারছেন। রুদ্রসাগর উদ্বাস্তু ফিসারম্যান সমবায় সমিতির সম্পাদক পরমেশ্বর দাস আকাশবাণীর সিপাহীজলা জেলা প্রতিনিধি অভিজিৎ বর্ধনকে জানিয়েছেন এবছর অত্যাধিক মাত্রায় কচুরিপনা সৃষ্টি ও সেগুলি রুদ্রসাগর জলাশয়ের মাঝ বরাবর চলে আসায় গোটা মে মাস ব্যাপী দফায় দফায় নৌকা চলাচল বন্ধ হয়ে পড়েছিল। মরসুমি নিয়মে বৃষ্টিপাত হওয়ায় বর্তমানে সে সময়ের তুলনায় জলস্তর বেড়েছে জলাশয়টির। তাছাড়া, সমস্যা সরজমিনে পরিদর্শনে এসেছিলেন পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী। কিছুদিনের মধ্যে দপ্তর থেকে কচুরিপানা পরিষ্কারের জন্য ১৫ লক্ষ টাকার অর্থ বরাদ্ধ প্রদান করা হয়।

*******************

**KanchanJanga express:**

ফের কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেস ট্রেনটি বিলোনিয়া স্টেশনে স্টপেজ দেওয়ার দাবি জানালেন বিধায়ক দীপংকর সেন। বিধায়ক দীপংকর সেন সাব্রুম

পর্যন্ত দূরপাল্লার রেল চালানোর রেলওয়ে বোর্ডের এই সিদ্ধান্তকে স্বাগত জানিয়ে বলেন সাব্রুম পর্যন্ত রেলটি চালু হলেও দক্ষিন জেলা সদর বিলোনিয়া স্টেশনে স্টপেজ না থাকার বিষয়টি দুর্ভাগ্যজনক। তিনি বলেন, এখন বিলোনিয়ার যাত্রীদের উদয়পুর বা সাব্রুমে গিয়ে কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেসে উঠতে হবে। তিনি ফের বিলোনিয়া স্টেশনে স্টপেজের দাবিতে রেল মন্ত্রকে চিঠি দেবেন বলে জানান।

তিনি সাব্রম স্টেশন থেকে দেওঘর এক্সপ্রেস চালানোর সিদ্ধান্তটিও দ্রুত কার্যকর করা এবং নিশ্চিন্তপুর, গঙ্গাসাগর দিয়ে কলকাতা যাওয়ার ট্রেনগুলিও সাব্রুম থেকে চালু করার দাবি জানান ।

*******************

**Amit Saha:**

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ নতুনদিল্লীতে এক উচ্চ পর্যায়ের বৈঠকে জম্মু ও কাশ্মীরের নিরাপত্তা ব্যবস্থা এবং অমরনাথ যাত্রার প্রস্তুতি পর্যালোচনা করেন। সভায় জম্মু কাশ্মীরে সাম্প্রতিক সন্ত্রাসবাদী আক্রমনের বিষয়টি পর্যালোচিত হয়। শ্রী শাহ বলেন, উদ্ভাবনী পদ্ধতিতে সন্ত্রাসবাদীদের পরাজিত করে নরেন্দ্র মোদী সরকার উদাহরণ স্থাপন করতে প্রতিশ্রুতিবদ্ধ। বৈঠকে জাতীয় নিরাপত্তা উপদেষ্টা অজিত দোভাল, জম্মু ও কাশ্মীরের গভর্নর জেনারেল মনোজ সিনহা, কেন্দ্রীয় স্বরাষ্ট্র সচিব অজয় ভাল্লা প্রমুখ উপস্থিত ছিলেন। উল্লেখ্য, আগামী ২৯শে জুন থেকে অমরনাথ যাত্রা শুরু হবে এবং শেষ হবে ১৯ শে আগস্ট।

*******************

**Adverse weather conditions at Sikkim:**

ক্রমাগত প্রবল বৃষ্টিতে বিপর্যস্ত সিকিম। সাময়িকভাবে বন্ধ করে দিতে হয়েছে সিকিমের ‘লাইফলাইন’ হিসাবে পরিচিত ১০ নম্বর জাতীয় সড়কও। লাগাতার বর্ষণ ও ধ্বসের কারণে এখনও আটকে রয়েছে প্রায় ১২০০ পর্যটক। হেলিকপ্টারে পর্যটকদের উদ্ধার করার কথা ভাবা হয়েছিল। কিন্তু আজ খারাপ আবহাওয়ার কারণে পর্যটকদের নিরাপদ জায়গায় তুলে নিয়ে

যাওয়ার প্রক্রিয়া থমকে গিয়েছে। পর্যটকরা মূলত আটকে আছেন উত্তর সিকিমের লাচুং, চুংথাম, জঙ্গুতে।

*******************

**Criminal Law:**

ফৌজদারী আইন ব্যবস্থাপনা বিষয়ে আজ কলকাতায় এক সম্মেলন অনুষ্ঠিত হয়। ভারতের উন্নতিশীল পথ শীর্ষক এই সম্মেলনের সূচনা করেন কেন্দ্রীয় আইনমন্ত্রী অর্জুন রাম মেঘাওয়াল । তিনি বলেন, তিনটি নতুন ফৌজদারী আইনের মধ্য দিয়ে দেশ সম্পূর্ণভাবে উপনিবেশিক ভাবনা থেকে মুক্ত হয়েছে। তিনি আরও বলেন, জনগনকে দ্রুত বিচার ব্যবস্থার সুফল দিতে এই তিনটি আইন প্রনয়ন করা হয়েছে।

*******************

**Maan Ki Baat:**

তৃতীয়বারের মত প্রধানমন্ত্রীর পদে দায়িত্বভার গ্রহণের পর প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ৩০শে জুন আকাশবানীর মন-কি-বাত অনুষ্ঠানে দেশ বিদেশের জনগণের সাথে মত বিনিময় করবেন। এটি হলো মন-কি-বাত অনুষ্ঠানের ১১১ তম পর্ব। জনগণ মন কি বাতের জন্য ভাবনা-চিন্তা ও পরামর্শ টোল -ফ্রী ১৮০০-১১-৭৮০০ নম্বরে শেয়ার করতে পারেন। এছাড়া নরেন্দ্র মোদী অ্যাপ অথবা মাইগভ ওপেন ফোরামে জমা দিতে পারেন। আগামী ২৮ জুন পর্যন্ত এইসব পরামর্শ গ্রহণ করা হবে।

*******************

**Labour Minister:**

শ্রমমন্ত্রী টিংকু রায় এর উপস্থিতিতে আজ কৈলাশহরের জারুইলতলী ও ধনবিলাস এলাকায় B.J.P 'র উদ্দোগে পৃথক পৃথক বৈঠক অনুষ্ঠিত হয়। দলের চন্ডীপুর মন্ডল কমিটির সহ-সভাপতি হিমাংশু দাস জানান, আসন্ন ত্রি-স্তরীয় পঞ্চায়েত নির্বাচন উপলক্ষ্যে সাংগঠনিক প্রস্তুতি এবং দলীয় সংগঠনের বিবিধ বিষয় নিয়ে আলোচনা ও মতবিনিময় হয়।

*******************

**Platinum Jubilee:**

কৈলাশহরের ঐতিহ্যবাহী রামকৃষ্ণ মহাবিদ্যালয়ের 75 বছর পূর্তি উপলক্ষ্যে প্লাটিনাম জুবেলি পালনের প্রস্তুতিপর্ব শুরু হয়েছে।

কলেজের অধ্যক্ষ ডক্টর পিনাকী পাল জানান, বর্ষব্যাপী অনুষ্ঠান শুরু হবে আগামী পয়লা সেপ্টেম্বর।

নানা আঙ্গিকের অনুষ্ঠান হবে এই উপলক্ষে। প্রকাশিত হবে স্মরণিকাও।

*******************

**IMD:**

ভারতীয় আবহাওয়া দপ্তর জানিয়েছে বিহার, ঝাড়খন্ড, মধ্যপ্রদেশের উত্তর-পূর্বাংশ, উত্তর ছত্তিশগড় এবং উত্তরাখন্ডে কিছু অঞ্চলে আজও তীব্র তাপপ্রবাহ বজায় থাকবে। একই রকম অবস্থা আগামী দুইদিন উত্তরপ্রদেশ, পাঞ্জাব, হরিয়ানা, চন্ডিগড় এবং দিল্লির অধিকাংশ জায়গায় প্রবাহিত হবে। আবহাওয়া দপ্তর জানিয়েছে হিমাচল প্রদেশ, জম্মু এবং উত্তর রাজস্থানের কিছু অংশে আগামী মঙ্গলবার পর্যন্ত উচ্চ তাপপ্রবাহ থাকবে। গতকাল পাঞ্জাবের গুরদাশপুরে সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৪৬.৫ ডিগ্রি সেলসিয়াস।

*******************

**Weather :**

আবহাওয়ার পূর্বাভাসে বলা হয়েছে, আগামীকাল আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। দুয়েক জায়গায় বজ্র বিদ্যুত সহ হালকা থেকে মাঝারি পর্যায়ে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ৩৩ ডিগ্রী সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৪ ডিগ্রী সেলসিয়াস এর কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৫ ডিগ্রী এবং সর্বনিম্ন ২৬ দশমিক এক ডিগ্রী সেলসিয়াস। বৃষ্টিপাত হয়েছে ৩৬.১ মিলিমিটার।

*******************

**Plate Cricket:**

রাজ্যভিত্তিক সিনিয়র ক্রিকেট প্রতিযোগিতার প্লেট গ্রুপের খেলা আজ থেকে শুরু হয়েছে। উদ্বোধনী দিনে ৪টি খেলায় খোয়াই, তেলিয়ামুড়া, আমবাসা ও বিলোনীয়া জয়লাভ করেছে। মেলাঘরে অনুষ্ঠিত খেলায় খোয়াই ১৫৬ রানে সাব্রুমকে, শান্তিরবাজারে অনুষ্ঠিত খেলায় তেলিয়ামুড়া ১৭৪ রানে অমরপুরে, বিলোনীয়ায় অনুষ্ঠিত খেলায় আমবাসা ৬ উইকেটে লংতরাই ভ্যালিকে এবং সাব্রুমে অনুষ্ঠিত খেলায় বিলোনীয়া ৫ উইকেটে গন্ডাছড়াকে পরাজিত করে।

*******************

**Elite cricket:**

রাজ্যভিত্তিক সিনিয়র ক্রিকেট প্রতিযোগিতার এলিট গ্রুপের দুটি খেলায় আজ শান্তিরবাজার ও কমলপুর জয়লাভ করেছে। ধর্মনগরে অনুষ্ঠিত খেলায় শান্তিরবাজার ৪১ রানে বিশালগড়কে পরাজিত করে। এদিকে, এম বি বি স্টেডিয়ামে অনুষ্ঠিত অপর খেলায় কমলপুর ৭১ রানে সোনামুড়াকে হারিয়ে দেয়।

*******************

*******************